

২০২৩

বাংলা

(প্রোগ্রাম)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

তৃতীয় সেমেস্টার

কোর্স কোর্ড : BNG-G-CC-T-3

(জীবনী, আত্মজীবনী ও ভ্রমণকাহিনী)

পূর্ণমান : ৬০

সময় : ২ ঘন্টা ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০
- ক) লেখকের নামসহ চৈতন্যবিষয়ক দুটি জীবনী সাহিত্যের নাম লেখো।
- খ) জীবনী ও আত্মজীবনীর দুটি প্রভেদ উল্লেখ করো।
- গ) 'পথে প্রবাসে' কোন ধরনের রচনা? এটি কার লেখা?
- ঘ) দুটি আত্মজীবনীমূলক রচনার নামোল্লেখ করো।
- ঙ) 'চারিত্রপূজা' গ্রন্থটি কার লেখা? এটি কোন ধরনের রচনা?
- চ) "আর একটি পাহাড় দেখিয়া চমৎকৃত হইলাম"
—লেখকের চমৎকৃত হওয়ার কারণটি লেখো।
- ছ) 'সামকনামা' বলতে কী বোঝায়?
- জ) "এই জন্য গলঘন্টার উৎপত্তি" — প্রসঙ্গ ব্যাখ্যা করো।
- ঝ) "অনেকেই পালাইয়া রক্ষা পায়" — কাদের কেন পালিয়ে রক্ষা পেতে হত?
- ঞ) "এ নিদ্রা আর ভাঙ্গিল না" — কার নিদ্রার কথা বলা হয়েছে?
তা আর ভাঙেনি কেনো?
- ট) "সে ছিল মুক্ত আমি ছিলাম বদ্ধ" — প্রসঙ্গ ব্যাখ্যা করো।
- ঠ) "এই প্রথম বাহিরে গেলাম" — বাহিরে যাওয়া বলতে কী বোঝানো হয়েছে? সেখানে যাওয়ার কারণটি লেখো।
- ড) "আমরা তিনটি বালক একসঙ্গে মানুষ হইতেছিলাম"
— তিনটি বালকের পরিচয় দাও।

(পরের পাতায়)

- ঢ) “সেই নীরব ক্লাসটির উপর কী ভয়ঙ্কর মাস্টারি যে করিয়াছি”
— ক্লাসটির নীরবতার কারণ কী ছিল?
- ণ) ‘জীবনস্মৃতি’-তে উল্লেখ আছে, রবীন্দ্রনাথের এমন কতগুলি রচনার নাম লেখো।

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

- ক) ভ্রমণ সাহিত্য বলতে কী বোঝায়? সংক্ষেপে এর বৈশিষ্ট্য আলোচনা করো।
- খ) “আমার জীবনে এইটেই আদিকবির প্রথম কবিতা”
— আদিকবির প্রথম কবিতা বলতে কী বোঝানো হয়েছে?
শিশু রবীন্দ্রনাথের মনে এই কবিতা কেমন প্রভাব বিস্তার করেছিল তা লেখো।
- গ) “এখন ইস্কুলে যাহিবার জন্য যেমন কাঁদিতেছ, না যাহিবার জন্য এর চেয়ে বেশী কাঁদিতে হইবে” — এই ভবিষ্যৎ বক্তাটিকে ছিলেন? তাঁর এমন বক্তব্যের নেপথ্য কারণ সম্পর্কে আলোচনা করো।
- ঘ) “সভ্যতার সঙ্গে সঙ্গে সাহসের ভাগ কমিয়া আইসে”
— লেখকের এমন মন্তব্যের কারণ, সপ্রসঙ্গ বিশ্লেষণ করো।
- ঙ) “সে রাত্রে বড় শীত পড়িয়াছিল” — কোন রাতের কথা বলা হয়েছে? সে রাতে যে ঘটনা ঘটেছিল তার সংক্ষিপ্ত বিবরণ দাও।
- চ) “নৃত্যের উদ্যোগ আরম্ভ রইল” — ‘পালামৌ’-গ্রন্থ অবলম্বনে কোল রমণীদের নৃত্যের বিবরণ দাও।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

- ক) আত্মজীবনী বলতে কী বোঝায়? তোমার পঠিত একটি আত্মজীবনী সম্পর্কে আলোচনা করো।
- খ) “বিশ্বপ্রকৃতিকে আড়াল আবডাল হইতে দেখিতাম”
— দৃষ্টান্তসহ রবীন্দ্রনাথের প্রকৃতি ভাবনার বিবরণ দাও।
- গ) “বোধহয় আমিও পৃথিবীর রং ফেরা দেখিতে যাইতাম” —
লেখক সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়ের নৈসর্গিক সৌন্দর্য চেতনা সম্বন্ধে আলোচনা করো।
- ঘ) “এই অঞ্চলে প্রধানত কোলের বাস” — ‘পালামৌ’ গ্রন্থ অবলম্বনে কোল জাতির জীবনচর্যার পরিচয় দাও।